

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪০৮  
আগরতলা, ১৪ জুন, ২০২৪

**পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের অর্থবিষয়ক স্থায়ী কমিটির সভা**

**পশ্চিম ত্রিপুরা জেলায় ৩,৫৮,৯০১ জন প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা যোজনার আওতায়**

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের অর্থবিষয়ক স্থায়ী কমিটির এক সভা আজ জিলা পরিষদের সভাগৃহে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি হরিদুলাল আচার্য। সভায় উপস্থিত ছিলেন স্থায়ী কমিটির অন্যান্য সদস্যগণ ও সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগণ। সভায় ক্ষুদ্র সঞ্চয় দপ্তরের প্রতিনিধি জানান, চলতি অর্থবছরে ক্ষুদ্র সঞ্চয় প্রকল্পে জেলায় ৬৪০ কোটি টাকা সংগ্রহের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। এখন পর্যন্ত এই প্রকল্পে ১০৭ কোটি সংগৃহীত হয়েছে। গত অর্থবছরে এই প্রকল্পে জেলায় ৬২৪ কোটি টাকা সংগৃহীত হয়েছিল। সভায় জেলার লিড ব্যাঙ্কের ম্যানেজার প্রধানমন্ত্রী মুদ্রা যোজনায়ে বিভিন্ন স্বনির্ভর প্রকল্প নিয়ে আলোচনা করেন। তিনি জানান, পশ্চিম ত্রিপুরা জেলায় এখন পর্যন্ত ৩,৫৮,৯০১ জনকে প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা যোজনা, ১,১৪,০৩৩ জনকে প্রধানমন্ত্রী জীবনজ্যোতি বীমা যোজনা ও ৫২,৮৯০ জনকে অটল পেনশন যোজনার আওতায় আনা হয়েছে। সভায় জিলা পরিষদের সচিব জানান, গত অর্থবছরে জিলা পরিষদের পঞ্চায়েত উন্নয়ন তহবিলে ডুকলি ব্লকের বল্লভপুর পঞ্চায়েতে ও আমতলী দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের কমিউনিটি হল সংস্কার করা হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ৪ লক্ষ ৮৫ হাজার ৬৮৪ টাকা। আনন্দনগর পঞ্চায়েতে উড়িয়াপাড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্রে একটি পরিশ্রুত পানীয়জলের ট্যাঙ্ক নির্মাণ করা হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ১ লক্ষ ৩০ হাজার ৮৭৬ টাকা। সচিব আরও জানান, জিলা পরিষদের পঞ্চায়েত উন্নয়ন তহবিলে পশ্চিম ত্রিপুরা জেলার ৫টি ব্লকে ১৭০টি পরিবারকে ছাগল পালনে সহায়তা দেওয়া হবে। এজন্য ব্যয় হবে ১৭ লক্ষ টাকা।

\*\*\*\*\*